# সংসদ ও সংসদের বাইরে বৈষম্যের শিকার বিরোধীদল: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

সংসদ ও সংসদের বাইরে বিরোধী দল বিভিন্ন ক্ষেত্রে বৈষম্যের শিকার হচ্ছে বলে অভিযোগ করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা. শফিকুর রহমান। বিরোধী দল হিসেবে প্রাপ্য অধিকারের বড় একটি অংশ থেকে তারা বঞ্চিত হচ্ছেন বলেও মন্তব্য করেন তিনি।

মঙ্গলবার (২৫ আগস্ট) রাজধানীর বাংলামোটরে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কার্যালয়ে প্রথমবারের মতো পরিদর্শনে গিয়ে এসব কথা বলেন ডা. শফিকুর রহমান।

বিরোধীদলীয় নেতা বলেন, জাতি বর্তমানে ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ সময় অতিক্রম করছে। বৈষম্যহীন বাংলাদেশ গড়ার যে প্রত্যাশা নিয়ে যাত্রা শুরু হয়েছিল, সেই স্বপ্ন পূরণ হয়নি। নির্বাচন নিয়ে নানা প্রশ্ন থাকলেও দেশের স্বার্থ বিবেচনায় বিরোধী দল ফল মেনে নিয়েছে। কিন্তু সরকার বিভিন্ন ক্ষেত্রে বিরোধী দল ও দেশের মানুষের সঙ্গে বৈষম্যমূলক আচরণ করছে। বিরোধী দল হিসেবে এ ধরনের বৈষম্য মেনে নেওয়া হবে না।

তিনি আরও বলেন, সংসদ ও সংসদের বাইরে বিরোধী দলকে বঞ্চিত করা হচ্ছে। দেশের উন্নয়ন কর্মকাণ্ডে সরকারি দলের জন্য যে পরিমাণ বরাদ্দ দেওয়া হয়, তার তুলনায় বিরোধী দলের জন্য বরাদ্দ খুবই কম। সংরক্ষিত নারী আসনের সদস্যদের ক্ষেত্রেও একই ধরনের বৈষম্য করা হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

গণভোটের রায় বাস্তবায়নের বিষয়েও সরকারের সমালোচনা করেন জামায়াত আমির। তিনি অভিযোগ করেন, ভোটের আগে সরকার গণভোটের বিষয়ে সম্মতি জানিয়েছিল। কিন্তু ভোট শেষ হওয়ার পর এ বিষয়ে সরকারের অবস্থান পরিবর্তন হয়েছে।

LENS ASIA